

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ই-সার্ভিস অপারেশন শাখা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ বিষয়ক ৩য় সভার  
কার্যবিবরণী

সভাপতি	রীনা পারভীন অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)
সভার তারিখ	২৯.০৩.২০২১
সভার সময়	বিকাল ৩.০০টা
স্থান	বৈঠক অনলাইন প্ল্যাটফর্ম
উপস্থিতি	অনলাইন উপস্থিতি

অনলাইন কনফারেন্সে উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার প্রারম্ভে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য এ বিভাগের প্রোগ্রামার (ই-সার্ভিস অপারেশন শাখা)-কে অনুরোধ করা হয়। প্রোগ্রামার (ই-সার্ভিস অপারেশন শাখা) সভায় জানান যে, ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ বিষয়ক সভা আয়োজন আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ত্রৈমাসিক ভিত্তিতে ১টি করে মোট ০৪টি সভা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে অদ্যকার এ সভা (৩য় সভা) আয়োজন করা হয়েছে। অতঃপর সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিটিজেন চার্টারে বর্ণিত বিভিন্ন শাখা কর্তৃক প্রদত্ত সেবাসমূহ নিয়ে আলোচনা করা হয়। এ বিভাগের সকল শাখা হতে প্রদত্ত সেবাসমূহ সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করা প্রয়োজন মর্মে সকলে অভিমত ব্যক্ত করেন।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সকল শাখা হতে প্রদত্ত সেবাসমূহ সিটিজেন চার্টারে অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শাখাসমূহকে তাগিদপত্র প্রদান করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পর্যবেক্ষণ কমিটি
২।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহ হতে প্রদত্ত সেবাসমূহ সিটিজেন চার্টার প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী প্রণয়ন এবং নিয়মিত হালনাগাদকরণের জন্য অনুরোধ জানানো হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহ হতে প্রদত্ত সেবাসমূহ সিটিজেন চার্টার প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী প্রণয়ন এবং নিয়মিত হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান (সকল)
৩।	বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টারসমূহ ওয়েবসাইটসহ অফিস ভবনের দৃশ্যমান স্থানে ইলেক্ট্রনিক/ডিজিটাল বোর্ডের মাধ্যমে প্রদর্শনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টারসমূহ ওয়েবসাইটসহ অফিস ভবনের দৃশ্যমান স্থানে ইলেক্ট্রনিক/ডিজিটাল বোর্ডের মাধ্যমে দূত প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান (সকল) ও উপসচিব (লজিস্টিক সেবা), আইসিটি বিভাগ

৪।	সভায় দেশের বিভিন্ন প্রান্ত থেকে লার্নিং এন্ড আর্নিং প্রকল্প হতে প্রশিক্ষণ গ্রহণকারীবৃন্দ তাদের অভিব্যক্তি প্রকাশ করেন। তাঁরা বলেন যে, আইসিটি বিভাগের লার্নিং এন্ড আর্নিং প্রকল্পের প্রশিক্ষণ গ্রহণ করে বাসা থেকেই অনলাইনে আয় করছেন। এ ধরনের প্রশিক্ষণ বেকার যুবক/যুবতীদের জন্য অত্যন্ত ফলপ্রসূ। তাঁরা গ্রাম পর্যায়ে ইন্টারনেট ব্যান্ডউইথ বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান।	গ্রাম পর্যায়ে ইন্টারনেট ব্যান্ডউইথ বৃদ্ধি করা যায় কিনা সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	নির্বাহী পরিচালক, বিসিসি, মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর ও প্রকল্প পরিচালক, ইনফো সরকার-৩ প্রকল্প
----	--	--	---

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



রীনা পারভীন

অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯.৭৮

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭

০১ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর/সংস্থার প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ২) অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) যুগ্ম-সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৪) উপসচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৫) সভাপতি, বেসিস, BDBL Bhaban (Level 5 - West), 12 Kawran Bazar, Dhaka - 1215
- ৬) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি, House # 33/B (Ground floor & 2nd floor), Road # 04, Dhanmondi R/A, Dhaka-1205
- ৭) সভাপতি, ই-ক্যাভ, বাড়ি-২৯, (এম-এ), রোড-০৬, ধানমন্ডি, ঢাকা
- ৮) সভাপতি, বাক্কো, হাউজ-৯০, রোড-০৬, ব্লক-এফ বনানী, ঢাকা-১২১৩
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১১) সিস্টেম এনালিস্ট, ই-সার্ভিস অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১২) সিনিয়র সহকারী সচিব, প্রজেক্ট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১৩) মেইনটেনেন্স ইঞ্জি./প্রোগ্রামার/সহ.মেইনটেনেন্স ইঞ্জি. (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ১৪) সহকারী সচিব, মূল্যায়ন ও পর্যবেক্ষণ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১৫) সহকারী সচিব, স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১৬) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও অডিট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ১৭) প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)

*Bahur*

ইসরাত জাহান  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)